যুগান্তর

তারিখ ... 19 APR 2007 ...
পৃষ্ঠা ৩ কলাম ... ২ ...

যুগান্তর বৃহস্পতিবার ১৯ এপ্রিল ২০০৭

# দশ বিশ্ববিদ্যালয়ের দুর্নীতি ১৫ দিনের মধ্যে তদন্তের নির্দেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

দেশের দশটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের অনিয়ম ও দুর্নীতি ১৫ দিনের মধ্যে তদন্ত করে রিপোর্ট পেশের নির্দেশ দিয়েছে সরকার। বুধবার বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে (ইউজিসি) শিক্ষা মন্ত্রণালয় এ নির্দেশ দেয়। এতে বিশ্ববিদ্যালয়গুলোর বিগত ৫ বছরের সব আর্থিক, প্রশাসনিক এবং একাডেমিক কর্মকাণ্ডকে তদন্তের অধীনে আনার নির্দেশনা দেয়া হয়েছে। ১৫ দিনের মধ্যে তদন্ত রিপোর্ট জমা দিতে হবে।

একাডেমিক অভিযোগের মধ্যে শিক্ষকদের গণহারে কনসালটেন্সি, পার্টটাইম চাকরি ও বিদেশী সংস্থায় পরামর্শকের দায়িত্ব পালন এবং এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের ক্লাসে ফাঁকি, পরীক্ষার ফলাফল প্রকাশে বিলম্ব, ফল প্রভাবিত ও জালিয়াতি, শিক্ষার্থীদের হয়রানিসহ নানা দিক রয়েছে। প্রশাসনিক দুর্নীতি ও অনিয়মের মধ্যে গণহারে এবং টাকার বিনিময়ে নিয়োগ, দলীয়করণ ও আর্থিক দুর্নীতির মধ্যে বিভিন্নভাবে নানা কায়দায়-কৌশলে সরকারি টাকা লুটপাটের অভিযোগ রয়েছে।

বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব (বিশ্ববিদ্যালয়-২) আনোয়ারা বেগম স্বাক্ষরিত পত্রে ইউজিসিকে ১৫ দিনের তদন্ত রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। অপর একটি সূত্র জানায়, সরকার ইউজিসিকে সব বিশ্ববিদ্যালয়ের বিগত ৫ বছরের সব ধরনের নিয়োগ তদন্ত করতে বলেছে। এ সংক্রান্ত নির্দেশও বুধবারই ইউজিসিতে পৌঁছেছে। যে দশটি বিশ্ববিদ্যালয়ে তদন্ত করতে বলা হয়েছে সেগুলো হচ্ছে— ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, হাজী দানেশ বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিশ্ববিদ্যালয় এবং সিলেট বিশ্ববিদ্যালয়।